



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগসমূহে প্রদেয় খাতভিত্তিক ঋণের লক্ষ্যমাত্রা ও তার বিভাজন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন আর্থিক বিবরণী এবং বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত তাদের বিভিন্ন প্রতিবেদনসমূহের মধ্যে সামঞ্জস্যতা বিধানের লক্ষ্যে বর্ণিত সার্কুলার এর ৩ নং অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হল:

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি বছরের জানুয়ারি মাসের শেষ কার্যদিবসের মধ্যে তাদের পূর্ববর্তী বছরের ঋণ ও অগ্রিম স্থিতির ভিত্তিতে সিএমএসএমই ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টকে অবহিত করবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সালের মধ্যে অনূন্য ২৫% এ উন্নীত করতে হবে। ২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার নির্ধারিত হার হবে নিম্নরূপ:

বিষয়বসী	২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার হার
সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতি	মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২৫%
কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির ৫০%
নারী উদ্যোগে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ	সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির ১৫%
সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন	উৎপাদনশীল শিল্পে অনূন্য ৪০%, সেবা শিল্পে অনূন্য ২৫% এবং ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫%

৩. এতদ্ব্যতীত, সূত্রে বর্ণিত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২